বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাজেট-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং: ১৫.০০.০০০০.০৪০.০৫.০১০.২১-৪৩

তারিখ: ৩০ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২১-২০২২ অর্থবছরের তৃতীয় প্রান্তিকের বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি) সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ১১ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থবছরের তৃতীয় প্রান্তিকের বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি) সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০৩ পাতা।

১৩/৪/2022
(এ বি এম মাহবুব হোসেন)
উপসচিব
ফোন: ২২৩৩৫১১৩৪
E-mail: budget2@moi.gov.bd

**বিতরণ: মন্ত্রণালয় (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র/সম্প্রচার/উন্নয়ন), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (বাজেট-৩), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন/তগ/বাজেট/প্রেস/পরিকল্পনা),তথ্যও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-২/প্রশাসন-৪/চলচ্চিত্র-১/চলচ্চিত্র-২/প্রেস-১/প্রেস-২/তগ-২/টিভি-২), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
৭. উপ-প্রধান (স্কাইসোয়াম উইং), পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৮. পরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (শিক্ষা ও সামাজিক সেক্টর), শেরেবাংলা নগর, ঢাকা।
৯. সহকারী সচিব (বাজেট-১/প্রশাসন-৩)/হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
১. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।

**দপ্তর/সংস্থা:**

১. ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা।
২. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
৩. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, তথ্য কমিশন, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
৭. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
৮. মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৯. মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
১০. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
১১. প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা।

১২. মহাপরিচালক, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ, ঢাকা।
১৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
১৪. সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।
১৫. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, ঢাকা।

অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাজেট-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd



**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২০২২ অর্থবছরের ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ ২০২২) এর 'বাজেট ব্যবস্থাপনা কমিটি' (বিএমসি) সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: মকবুল হোসেন পিএএ<br>সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১১ এপ্রিল ২০২২; সকাল ১১.০০ মিনিট |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট-২) ২০২১-২০২২ অর্থবছরের ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ ২০২২) এর বাজেট, এপিএ, ক্রয় এবং রাজস্ব আহরণ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন।

**০২। বাজেট বাস্তবায়ন অগ্রগতি:**

২.১। উপসচিব (বাজেট-২) সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের পরিচালন ব্যয় বরাদ্দ ৭৯৪ কোটি ৬৫ লক্ষ ৭৩ হাজার টাকা এবং উন্নয়ন ব্যয় বরাদ্দ ২৩৩ কোটি ৫৯ লক্ষ টাকা। পরিচালন ও উন্নয়ন বরাদ্দের মোট পরিমাণ ১০২৮ কোটি ২৪ লক্ষ টাকা। ৩য় প্রান্তিকে পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিল ১৮২ কোটি ৩৯ লক্ষ ৭৫ হাজার টাকা (২৩%)। এতে প্রকৃত ব্যয় হয়েছে ১৪৭ কোটি ৪২ লক্ষ ৫ হাজার টাকা (১৮%)। উন্নয়ন ব্যয় খাতে ৩য় প্রান্তিকে ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিল ৮৮ কোটি ৭৫ লক্ষ ৯৫ হাজার টাকা (৩৭%) । এ খাতে প্রকৃত ব্যয় হয়েছে ৯৯ কোটি ৬৬ লক্ষ ৬১ হাজার টাকা (৪২%)। ৩য় প্রান্তিকে সমন্বিত (পরিচালন ও উন্নয়ন) ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিল ২৩২ কোটি ১ লক্ষ ৩৩ হাজার টাকা (২২%)। এতে ব্যয় হয়েছে ২৪৭ কোটি ৮ লক্ষ ৬৬ হাজার টাকা (২৪%)।

২.২। সভার এ পর্যায়ে সভাপতি বৈদেশিক মিশনসমূহের বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে পাওয়া না যাওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। মিশনসমূহের সাথে মন্ত্রণালয়ের বিদ্যমান যোগাযোগ ব্যবস্থায় অসম্পূর্ণতা রয়েছে এবং এ বিষয়ে বৈদেশিক মিশনসমূহের কর্মকর্তাদের সাথে সচিব মহোদয়ের ভিডিও কনফারেন্সের মাধ্যমে আলোচনা হওয়া প্রয়োজন মর্মে তিনি মতপ্রকাশ করেন।

**২.৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

২.৩.১। ২০২১-২০২২ অর্থবছরের ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ ২০২২) এর বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন চূড়ান্ত করা হলো।

২.৩.২। ২০২১-২০২২ অর্থবছরে উন্নয়ন বাজেটসহ যে সকল দপ্তর/সংস্থার ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ ২০২২) পর্যন্ত লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সে সকল দপ্তর/সংস্থা এবং পরিকল্পনা অধিশাখা উল্লেখযোগ্য অগ্রগতি অর্জনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে।

২.৩.৩। যত দ্রুত সম্ভব বৈদেশিক মিশনসমূহের কর্মকর্তাদের সাথে সচিব মহোদয়ের একটি ভিডিও কনফারেন্স আয়োজন করার জন্য মন্ত্রণালয়ের তগ-২ শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

## ০৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন অগ্রগতি:

৩.১। উপসচিব (বাজেট-২) সভাকে জানান যে, ২০২১-২২ অর্থবছরে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের এপিএ'র কৌশলগত উদ্দেশ্যের মোট মান ৭০ এবং কর্মসম্পাদন সূচক সংখ্যা ৪৯টি। এসব কর্মসম্পাদন সূচকের মধ্যে ১৬টি সূচকের অগ্রগতি ১০০%, ৪টি সূচকের অগ্রগতি ৯০% ও তদুর্ধ্ব, ৫টি সূচকের অগ্রগতি ৮০% ও তদুর্ধ্ব, ১৪টি সূচকের অগ্রগতি ৭০% ও তদুর্ধ্ব এবং ১০টি সূচকের বাস্তবায়ন অগ্রগতি চলমান রয়েছে। ৪৯টি সূচকের মধ্যে ৪৪টি সূচকের বাস্তবায়নকারী আওতাধীন ১৪টি দপ্তর/সংস্থা। বাকি ৫টি সূচকের বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের প্রশাসন-১, চলচ্চিত্র-১ ও চলচ্চিত্র-২ শাখা।

৩.২। তিনি আরো বলেন যে, ২০২১-২২ অর্থবছরে সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ (আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ) অংশে কর্মসম্পাদন সূচকের মোট মান ৩০। এ অংশে ৫টি কার্যক্রম রয়েছে যা মন্ত্রণালয়ের প্রশাসন-১, প্রশাসন-৪ এবং প্রেস-২ এবং আইসিটি সেল বাস্তবায়ন করছে। বর্ণিত এসব কার্যক্রম শতভাগ বাস্তবায়িত হলে এপিএ-তে ৩০ নম্বর ওয়েটেড স্কোর হিসেবে যোগ হবে।

৩.৩। এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে ৮০% এর উপরে ২৫টি সূচক বাস্তবায়িত হওয়ায় সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন। তিনি ৭০% এর নিচে থাকা সূচকসমূহ বাস্তবায়ন বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরো মনযোগী হওয়ার জন্য অনুরোধ করেন। বিশেষ করে বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট এর সূচক নং ৩.৬.১ শতভাগ বাস্তবায়নের জন্য ব্যবস্থাপনা পরিচালককে কার্যকর ভূমিকা গ্রহণের আহবান জানান। এ বিষয়ে মন্ত্রণালয়ের পক্ষ থেকে সব ধরণের সহযোগিতা প্রদান করা হবে বলে তিনি আশ্বাস দেন। সভাপতি জানান, মন্ত্রণালয়ের এপিএ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা প্রয়োজন। সেজন্য আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ৫টি কার্যক্রম বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের ৪টি শাখার প্রধানদের নিয়ে প্রতিমাসে একাধিক পর্যালোচনা সভা আয়োজনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র)-কে অনুরোধ করেন।

### ৩.৪। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

৩.৪.১। ২০২১-২২ অর্থবছরের ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ ২০২২) এর এপিএ বাস্তবায়ন প্রতিবেদন চূড়ান্ত করা হলো।

৩.৪.২। বাস্তবায়ন অগ্রগতি ৭০% এর নিচে এবং চলমান থাকা নিম্নোক্ত সূচকসমূহ বাস্তবায়নে অধিকতর কার্যকর ভূমিকা গ্রহণ করতে হবে।

| ক্র. | এপিএ সূচক নং | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | ২.৭.১ | ফিল্ম আর্কাইভ |
| ২. | ২.১২.১ | চলচ্চিত্র-২ শাখা |
| ৩. | ২.১২.২ | চলচ্চিত্র-২ শাখা |
| ৪. | ২.১৩.১ | চলচ্চিত্র-১ শাখা |
| ৫. | ২.১৫.১ | মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা, বিটিভি |
| ৬. | ২.১৫.২ | প্রশাসন-১ |
| ৭. | ৩.৬.১ | বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট |
| ৮. | ৩.৭.১ | পিআইবি, নিমকো, ফিল্ম আর্কাইভ |
| ৯. | ৩.৮.১ | ফিল্ম আর্কাইভ, নিমকো |
| ১০. | ৩.১০.১ | প্রেস কাউন্সিল |

৩.৪.৩। মন্ত্রণালয়ের এপিএ'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নকারী শাখাসমূহকে নিয়ে বর্তমান অর্থবছরের চতুর্থ প্রান্তিকে প্রতিমাসে একাধিক পর্যালোচনা সভা আয়োজনে অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪। **ক্রয় কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি:**

৪.১। উপসচিব (বাজেট-২) জানান যে, ২০২১-২২ অর্থবছরের বাজেটে পরিচালন ব্যয় খাতে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহের ৭৫টি ইজিপি ও ৩৮১টি ম্যানুয়েলক্রয়সহ মোট ক্রয় সংখ্যা ৪৫৬টি। তৃতীয় প্রান্তিক পর্যন্ত ৪০টি ইজিপি এবং ১৭৫টি ম্যানুয়েলসহ মোট **২১৫টি ক্রয় সম্পন্ন** হয়েছে (৪৭%)। ক্রয় কাযর্ক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী সন্তোষজনক না হওয়ায় সভাপতি সভায় অসন্তোষ **প্রকাশ করেন**।

৪.২। **বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :**

৪.২.১। পরিচালন ব্যয় খাতে নির্ধারিত ইজিপি **ও ম্যানুয়েল** টেন্ডারের সমুদয় কার্যক্রম আগামী মে/২০২২ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।

০৫। **রাজস্ব প্রাপ্তির বাস্তবায়ন অগ্রগতি:**

৫.১। উপসচিব (বাজেট-২) বলেন যে, ২০২১-২২ **অর্থবছরে** তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও আওতাধীন ৮টি দপ্তর/সংস্থার রাজস্ব প্রাপ্তির মোট লক্ষ্যমাত্রা ৭০ **কোটি** ৩৮ লক্ষ ৪৫ হাজার টাকা। ৩য় প্রান্তিকে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ছিল ১৫ কোটি ৫২ লক্ষ ৯২ হাজার টাকা (২২%)। এর বিপরীতে রাজস্ব আদায় হয়েছে ৭ কোটি ৬৯ লক্ষ ৭৫ হাজার টাকা (১১%)। তিনটি প্রান্তিকে মোট রাজস্ব আদায়ের পরিমাণ ২৭ কোটি ৫২ লক্ষ ১৪ হাজার টাকা (৩৯%)।

৫.২। **বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :**

৫.২.১। যে সকল দপ্তর/সংস্থার রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সে সকল দপ্তর/সংস্থা রাজস্ব আহরণে আরও মনযোগী ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে।

০৬। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১.৪.২০২২

মো: মকবুল হোসেন পিএএ
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

F:\ALMAS\APA ত্রৈমাসিক ক্রয়, বাজেট, রাজস্ব আহরণ\বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি) সভার কার্যপত্র. Docx